

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ০১/০৯/২০২৫ খ্রি.

২০২৪ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩১/০৮/২০২৫ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২৪ সনের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি ও আবেদন ফরম বিভাগে জমা দেয়ার শেষ তারিখ: ০৯/০৯/২০২৫ খ্রি.

বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী কলেজ অফিসে জমা দেয়ার শেষ তারিখ: ১০/০৯/২০২৫ খ্রি.

পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩১/০৮/২০২৫ তারিখে

প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন শিক্ষার্থীদের পরীক্ষার ফি:

নং	বিভাগের নাম	মোট ফি	নং	বিভাগের নাম	মোট ফি
০১	বাংলা বিভাগ	৩১২৫/-	১৩	হিসাববিজ্ঞান বিভাগ	৩৪২৫/-
০২	ইংরেজি বিভাগ	২৮৫০/-	১৪	ব্যবস্থাপনা বিভাগ	৩৪২৫/-
০৩	ইতিহাস বিভাগ	২৮৫০/-	১৫	পদার্থ বিজ্ঞান বিভাগ	৩৯৬০/-
০৪	ইসলামের ইতিহাস বিভাগ	৩১২৫/-	১৬	রসায়ন বিভাগ	৪০৮৫/-
০৫	দর্শন বিভাগ	৩১২৫/-	১৭	উদ্ভিদ বিজ্ঞান বিভাগ	৪১১৫/-
০৬	ইসলামিক শিক্ষা বিভাগ	৩১২৫/-	১৮	প্রাণিবিদ্যা বিভাগ	৩৮১৫/-
০৭	রাষ্ট্রবিজ্ঞান বিভাগ	৩৭২৫/-	১৯	ভূগোল ও পরিবেশ (বিজ্ঞান)	৩৯৬৫/-
০৮	সমাজবিজ্ঞান বিভাগ	২৮৫০/-		ভূগোল ও পরিবেশ (মানবিক)	৩৭৮৫/-
০৯	সমাজকর্ম বিভাগ	৩৪৫০/-	২০	মনোবিজ্ঞান বিভাগ	৩১৫৫/-
১০	অর্থনীতি বিভাগ	২৮৫০/-	২১	গার্হস্থ্য অর্থনীতি বিভাগ	৩৭৮৫/-
১১	মার্কেটিং বিভাগ	৩৪২৫/-	২২	গণিত বিভাগ	৪৩১০/-
১২	ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ	৩৪২৫/-	২৩	পরিসংখ্যান বিভাগ	৩৭৮৫/-

নন-কলেজিয়েট শিক্ষার্থীদের, নন-কলেজিয়েট ফি ১৫০০/- টাকা যোগ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

মানোন্নয়ন/গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীদের ১ পূর্ণ পত্রসহ পরীক্ষার ফি=১৭৫০/- টাকা

মানোন্নয়ন/গ্রেডউন্নয়ন পরীক্ষার্থীদের ১ অর্ধ পত্রসহ পরীক্ষার ফি=১৬০০/- টাকা

মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তীতে প্রতি পূর্ণ পত্রের জন্য ৩০০/- টাকা, প্রতি অর্ধ পত্রের জন্য ১৫০/- টাকা হারে যোগ করে ফি জমা দিতে হবে।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ ৬বছর অতিক্রান্ত হওয়ায় ২৫০০/- টাকা

জরিমানাসহ অন্যান্য ফি জমা দিয়ে মানোন্নয়ন ফরম পূরণ করবে।

মানোন্নয়ন পরীক্ষার্থীদের ব্যবহারিক বা মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি পরীক্ষার দিন স্ব স্ব বিভাগে জমা দিবে।

১. ফরম পূরণের ফি জমা দেয়া:

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.7college.du.ac.bd থেকে ফরম পূরণের আবেদন ফরম ডাউনলোড করার পর “উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Bill ID: Eden Mohila College)” এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ঢাবির রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেয়ার পূর্বে বিভাগের নোটিশের অনুসারে মোবাইল ব্যাংকিং এ সঠিক ফি না দেখালে, ফি জমা না দিয়ে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। ফি জমাদানের রশিদসহ ঢাবির ফরম পূরণের আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

২. মানোন্নয়ন/গ্রেডউন্নয়ন শিক্ষার্থীদের করণীয়:

মানোন্নয়ন/গ্রেডউন্নয়ন শিক্ষার্থীদের প্রথমে কলেজের নিজস্ব অনলাইন সফটওয়্যার (www.edencollege.eshiksabd.com) এ ID-edenstudent, Password-edenstudent দিয়ে প্রবেশ করে improvement অপশনে গিয়ে রেজিস্ট্রেশন নম্বর ইনপুট করে পত্র সংখ্যা (ঢাবির ফরম পূরণের আবেদন পত্রের যার জন্য যা প্রযোজ্য) সিলেক্ট করে সাবমিট করলেই নির্ধারিত ফরম পূরণের ফি মোবাইল ব্যাংকিং এ দেখাবে।

অধ্যক্ষ


ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৩। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী মানোন্নয়ন ফরম পূরণ করবে তাদের ফরম পূরণের ফরম ডাউনলোড করার পর অনলাইনে ফি নির্ধারণের জন্য প্রশাসনিক ভবনের তৃতীয় তলা হিসাব শাখায় যোগাযোগ করতে হবে।

৪। বিভাগের করণীয়:

ক) উপরোল্লিখিত ফিস হিসাব অনুযায়ী স্ব স্ব বিভাগের ছাত্রীদের নোটিশ করবেন। বিভাগসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ছাত্রীদের ফরম পূরণ নিশ্চিত করবেন। শিক্ষার্থীর পূরণকৃত আবেদন ফরম বিভাগে জমা রাখার সময় নোটিশের টাকার সাথে মিল আছে কিনা তা দেখে জমা নিবেন। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী মানোন্নয়ন ফরম পূরণ করবে তাদের আবেদন ফরম জমা রাখার সময় রেজিস্ট্রেশনের মেয়াদ ৬ বছর অতিক্রান্ত হওয়ার জরিমানা ফি ২৫০০/- টাকা জমা দিয়েছে কিনা তা দেখে জমা রাখতে হবে। এ ছাড়া অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষার ফি আদায় সহজকরণের লক্ষ্যে আর্কিমেইজ কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের ৩১/০৮/২০২৫ তারিখের বিজ্ঞপ্তি কলেজের বিজ্ঞপ্তির সাথে স্ব স্ব বিভাগের নোটিশ বোর্ডে দেয়া এবং পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হল।


৩/১২/২৫
(অধ্যাপক ড.শামছুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। হিসাব রক্ষক, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।

